

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৬.০১.৩৪১.২০১৮- ৩০২৪

তারিখঃ ৩১ আশ্বিন, ১৪২৫।
০২ অক্টোবর, ২০১৮।

বিষয় : রিট পিটিশন নং ১৭২১২/২০১৭ এর দফাওয়ারী ইংরেজি জবাব ও সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোছা: সাজিয়া আফরিন, পিতা: মো: আজহার আলী খান, রোল নং ১০৫০৮ (বরিশাল), গ্রাম: বাটনা, পোস্ট অফিস: বরিশাল সদর, জেলা: বরিশাল তিনি প্রাক প্রাথমিক শিক্ষা (মুক্তিযোদ্ধা কোটা) এর নিয়োগ বিজ্ঞপ্তি ২৪.০৫.২০১৬ তারিখের আলোকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত মেধা তালিকায় তাঁর রোল নম্বর থাকা সত্ত্বেও তিনি নিয়োগ পান নি। এর প্রতিকার চেয়ে তিনি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ১৭২১২/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের, সচিব, মহোদয়কে ১নং বিবাদী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের, মহাপরিচালক মহোদয়কে ২ নং বিবাদী এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরিশাল-কে ৪ নং বিবাদী করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১৭২১২/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব ও নিম্নোক্ত রেকর্ডপত্র পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জরুরীভিত্তিতে অধিদপ্তরের আইন কোষে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১। রিট পিটিশন নং ১৭২১২/২০১৮ এর রুল ও আর্জির কপি।
- ২। রিট পিটিশন নং- ১৭২১২/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- ৩। প্রেরিত ওকালতনামা (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ) দুই প্রস্থ।
- ৪। প্রেরিত ক্ষমতাপর্ণ পত্র (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ) দুই প্রস্থ।
- ৫। Statement of fact.
- ৬। সরকার পক্ষের যাবতীয় ও অন্যান্য রেকর্ডপত্র।

বি: দ্র: প্রতিটি রেকর্ড সুস্পষ্ট ও সত্যায়িত করে প্রেরিতব্য।

এই বিষয়ে দায়িত্ব অবহেলার কারণে সরকার পক্ষ ক্ষতিগ্রস্ত হলে এর যাবতীয় দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে।



(মো: আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
পিরোজপুর।

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৬.০১.৩৪১.২০১৮-

তারিখঃ ৩১ আশ্বিন, ১৪২৫।
০২ অক্টোবর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ (তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। সংরক্ষণ নথি।